

8. “ব্যাথা”

ঐ বসন্তের কোকিল আজ সন্ধ্যায় জানাল

তোমার জীবনে এসেছে শুভ বসন্ত,

যদিও আমার নয়নে বইছে বরষা।

তোমার সন্মুখে খুলেছে নতুন দ্বার

নব বসন্তে তোমার নতুন ঘরে;

এসেছে নতুন বন্ধুর ভরসা।

সেই ভরসার হাত ধরে

ছুটছো তুমি স্বপ্নলোকে-

নতুন অখিতির হৃদয় পরে,

ঐঁকেছ আলপনা মায়ার ঝলকে।

আমায় করেছ তুমি নিশ্চল

নিরাশা।

এখন আর স্বপ্নের চাষ হয় না

বহুকাল;

বৃষ্টি নেই।

বাতাসে আদ্রতা নেই।

ছয়টি ঋতুই যেন চৈত্রি খড়া।

তোমায় না পাওয়ার ব্যাথায়

জলশূন্য মরুভূমির মতো-

আমি দাঁড়িয়ে-ধু-ধু দিগন্তে

শুধু তোমার জন্যে।

